গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
৭১-৭২ ইস্কাটন গার্ডেন, ঢাকা।
www.bfsa.gov.bd

**বিষয় : বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের শুদ্ধাচার বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ১ম সভার কর্যবিবরণী।**

সভাপতি : মো: আব্দুল কাইউম সরকার
চেয়ারম্যান
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।

তারিখ : ২৭ সেপ্টেম্বর, ২০২০

সময় : সকাল ১১.০০ ঘটিকা

স্থান : বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সভাকক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা : পরিশিষ্ট 'ক' তে দ্রষ্টব্য।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট জনাব নূর-ই-খাজা আলামীন, উপসচিবকে আলোচ্যসূচি অনুযায়ী সভায় আলোচনা উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়। সভাপতির নির্দেশক্রমে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের জাতীয় শুদ্ধাচার কৌশল ২০২০-২০২১ অর্থ বছরের কর্ম-পরিকল্পনা ১ম কোয়ার্টারের অগ্রগতি এবং শুদ্ধাচার সম্পর্কিত চলমান কার্যক্রম বাস্তবায়নে কার্যকরী পদক্ষেপ গ্রহণের বিষয়ে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট জনাব নূর-ই-খাজা আলামীন আলোচনা উপস্থাপন করেন। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র: নং | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১. | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা সংশোধন | মন্ত্রিপরিষদ বিভাগের ২৪ সেপ্টেম্বর,২০২০ খ্রি: তারিখের ১৪১ নং স্মারকে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা সংশোধনের সময়সীমা নির্ধারণ করা হয়েছ। উল্লেখিত পত্রে স্ব স্ব কার্যালয় নৈতিকতা কমিটির অনুমোদনক্রমে মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করে আগামী ৩১ ডিসেম্বর,২০২০ খ্রি: তারিখের মধ্যে যৌক্তিক কারণ দেখিয়ে কর্ম-কৌশল পরিকল্পনার লক্ষ্যমাত্রা সংশোধনের কথা বলা হয়েছে। বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের পূর্ব নির্ধারিত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা সংশোধনের প্রয়োজন রয়েছে যা নিম্নরূপ:<br><br>যৌক্তিক কারণে ১.২, ২.২, ৩.১, ৩.২, ৫.২, ৭.২, ৮.৩, ৮.৪, ৮.৫ এবং ৮.৬ কর্মসম্পাদন সূচকগুলি পরিবর্তনের প্রয়োজন রয়েছে। সংশোধিত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা নৈতিকতা কমিটি কর্তৃক অনুমোদিত হয়েছে যা মন্ত্রণালয়ে প্রেরণ করা যেতে পারে। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা এর সংশোধনযোগ্য উল্লেখিত সূচক গুলি সংশোধনের জন্যে মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | নৈতিকতা কমিটি |
| ২. | নৈতিকতা কমিটির সভা | সভাপতি বলেন বছরে ৪ টি নৈতিকতা কমিটির সভা আয়োজন করতে হবে। তিনি বলেন সভা সম্পন্ন হবার সাথে সাথে কার্যবিবরণী প্রস্তুত পূর্বক সংশ্লিষ্ট সকলকে বিতরণ করতে হবে এবং সকলে যেন নৈতিকতা কমিটির সিদ্ধান্ত নির্দিষ্ট তারিখে মধ্যে | নৈতিকতা কমিটির সভার সকল সিদ্ধান্ত সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বাস্তবায়ন করে সে বিষয়টি মনিটরিং করতে হবে। | | |
| ৩. | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা। | ইতোমধ্যে বগুড়া, সিরাজগঞ্জ ও ময়মনসিংহে জেলা প্রশাসক কার্যালয়ে অংশীজনদের নিয়ে সভা অনুষ্ঠিত হয়েছে। জেলার সিভিল সার্জন, লাইভস্টক অফিসারসহ হোটেল মালিক সমিতির সভাপতি ও বিভিন্ন হোটেল মালিকদের নিয়ে সভা সংগঠিত হয়েছে। | অংশীজনের সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়নের জন্য পদক্ষেপ নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সঠিক সময়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব, বিএফএসএ |
| ৪. | কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরী সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন। | ইতোমধ্যে ২৮ জন কর্মকর্তা কর্মচারীদের অংশগ্রহণে প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। আগামী মাসে আরও ২০ জন কর্মকর্তা কর্মচারীদের প্রশিক্ষনের ব্যবস্থা করার জন্য মতামত ব্যক্ত করা হয়। | আগামী অক্টোবর মাসে ২০ জন কর্মকর্তা-কর্মচারীর প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব, বিএফএসএ |
| ৫. | জাতীয় নিরাপদ খাদ্য বিষয়ক প্রশিক্ষণ কৌশলপত্র প্রণয়ন | জাতীয় নিরাপদ খাদ্য বিষয়ক প্রশিক্ষণ কৌশলপত্র প্রণয়ন এর বিষয়ে সভায় আলোচনা করা হয়। আগামী ২৫-০৬-২০২১খ্রি: তারিখের মধ্যে জাতীয় নিরাপদ খাদ্য বিষয়ক প্রশিক্ষণ কৌশলপত্র প্রণয়নের ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক। | নির্ধারিত সময়ে মধ্যে জাতীয় নিরাপদ খাদ্য বিষয়ক প্রশিক্ষণ কৌশলপত্র প্রণয়নের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, বিএফএসএ |
| ৬. | স্ব স্ব ওয়েবসাইটে তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদকরণ | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণের বিষয়ে আলোচনা করা হয়। | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ওয়েবসাইটে ১ম কোয়ার্টার পোস্ট হওয়ার পূর্বেই শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | আইটি ম্যানেজার, আইএফএস-বি প্রকল্প |
| ৭. | স্ব স্ব ওয়েবসাইটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদকরণ | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ওয়েবসাইটে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদকরণের বিষয়ে আলোচনা করা হয়। | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ওয়েবসাইটে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদকরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | আইটি ম্যানেজার, আইএফএস-বি প্রকল্প |
| ৮. | পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০২০-২১ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০২০-২১ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০২০-২১ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ইতোমধ্যে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। | পরিচালক, প্রশাসন ও অর্থ |
| ৯. | ৮.১ স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) প্রণয়ন ও বাস্তবায়ন | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) হালনাগাদকরণের বিষয়ে আলোচনা করা হয়। | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) হালনাগাদকরণের সিদ্ধান্ত গৃহীত | সচিব বিএফএসএ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | হয়। | |
| ১০. | শাখা/অধিশাখা ও আওতাধীন/অধঃস্তন কার্যালয় পরিদর্শন | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের কর্মকর্তাগণ নিজ নিজ শাখা/অধিশাখা পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করার বিষয়ে আলোচনা করা হয়। ইতোমধ্যে সকল শাখার কর্মকর্তাদের এ বিষয়ে পত্র দেয়া হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | নিজ নিজ শাখা পরিদর্শন করে সেপ্টেম্বর ২০২০ খ্রি: তারিখের মধ্যে চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ বরাবর প্রতিবেদন দাখিলের বিষয়ে সকল কর্মকর্তাকে পত্র প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। পরিদর্শনে উল্লেখিত সমস্যা সমূহ সময়মত সমাধানের নির্দেশ দেওয়া হয়। | চেয়ারম্যান, বিএফএসএ |
| ১১. | স্বাস্থ্যবিধি বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে ঢাকা মহানগরীর বিভিন্ন স্কুল/কলেজে সচেতনতা মূলক কর্মসূচি অনুষ্ঠান | স্বাস্থ্যবিধি ও নিরাপদ খাদ্য বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে ঢাকা মহানগরীতে সেপ্টেম্বর, ২০২০ মাসের মধ্যে কমপক্ষে ২টি স্কুল/কলেজে সচেতনতা মূলক কর্মসূচি অনুষ্ঠান আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। এক্ষেত্রে করোনা পরিস্থিতি স্বাভাবিক হলে স্কুল/কলেজ খোলা সাপেক্ষে সচেতনতা মূলক কর্মসূচি অনুষ্ঠিত হবে মর্মে মতামত ব্যক্ত করা হয়েছে। | শিক্ষা প্রতিষ্ঠান খোলা সাপেক্ষে হাত ধোয়া কর্মসূচি গ্রহণ করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | পরিচালক, ভোক্তা, ঝুঁকি ও নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা |
| ১২. | শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ | এ অর্থ বছরে শুদ্ধাচার পুরস্কার দেওয়ার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভাপতি মহোদয় বলেন আগামী ৩১-০৩-২০২১ খ্রি: এর পূর্বেই শুদ্ধাচার পুরস্কার দেওয়ার বিষয়ে সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে। | ৩১-০৩-২০২১ খ্রি: এর পূর্বেই শুদ্ধাচার পুরস্কার বিতরণ সম্পন্ন করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট |
| ১৩. | নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | শুদ্ধাচার বাস্তবায়ন ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন যথা সময়ে তৈরি করার বিষয়ে আলোচনা করা হয়। | শুদ্ধাচার বাস্তবায়ন ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন যথা সময়ে তৈরি করে ওয়েবসাইটে আপলোড করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় | আইটি ম্যানেজার, আইএফএস-বি প্রকল্প |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে এবং আজকের সভায় গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়ন ও শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা অনুযায়ী যখন যে কাজ করণীয় তা সঠিক সময়ে সম্পন্ন করার জন্য আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: আব্দুল কাইউম সরকার)
চেয়ারম্যান
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
ও
সভাপতি, নৈতিকতা কমিটি

নম্বর : ১৩.০২.০০০০.৫০১.০৫.০০৫.২০ — ৮১ তারিখ : ২৭ সেপ্টেম্বর ২০২০ খ্রি.

**বিতরণ:**

০১। জনাব রেজাউল করিম, সদস্য, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
০২। জনাব মঞ্জুর মোর্শেদ আহমেদ, সদস্য, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
০৩। জনাব প্রফেসর ড. মো: আব্দুল আলীম, সদস্য, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
০৪। জনাব আব্দুন নাসের খান, সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
০৫। জনাব আবু সাঈদ মো: নোমান, পরিচালক, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
০৬ মুহম্মদ নূরে আলম সিদ্দিকী, পরিচালক, প্রশাসন ও অর্থ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
০৭। জনাব আবু শহীদ সালেহ মোহাম্মদ জুবেরী, পরিচালক, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
০৮। ড. সহদেব চন্দ্র সাহা, পরিচালক, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
০৯। জনাব আবদুর রহমান, উপসচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষে নিয়োজিত।
১০। মো: রেজওয়ান-উল-ইসলাম, এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
১১। আইটি ম্যানেজার, আইএফএসবি প্রকল্প।

**অনুলিপি (সদয় অবগতির জন্য)** :

১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [দৃ.আ. যুগ্মসচিব (সমন্বয় ও সংসদ)]
২। পিএস টু চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৭.০৯.২০২০

(নূর-ই-খাজা আলামীন)
উপসচিব